



একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্বাস্থ্য সেবা বিভাগ

প্রশাসন-১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.hsd.gov.bd

অতি জরুরি

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.২২.০০২.১৯- ৩৪৫

তারিখ: ০২ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ
১৮ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮ সংশোধন

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরের “বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮” সংশোধনের লক্ষ্যে খসড়া নিয়োগ বিধিমালা প্রণয়ন করা হয়েছে। প্রণীত খসড়া নিয়োগ বিধিমালায় নবসৃজিত ও পুরাতন সকল পদ অন্তর্ভুক্ত করা হয়েছে কিনা তা নিশ্চিত করাসহ বিদ্যমান নিয়োগ বিধিমালা সংক্রান্ত অভিযোগ/প্রস্তাবনা নিয়ে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান/হাসপাতালের প্রতিনিধিদের উপস্থিতিতে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত পর্যালোচনা সভায় উপস্থাপনের লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদি প্রয়োজনঃ

- (১) নবসৃজিত ও পুরাতন পদ, যা বর্তমান নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত করা হয়নি তার তালিকা (নবসৃজিত ও পুরাতন পদ সৃষ্টির আদেশের কপিসহ);
- (২) কোন পদ বিলুপ্ত হবে কিনা বা নতুন কোন পদ সৃষ্ণের প্রয়োজন রয়েছে কিনা সে সংক্রান্ত তথ্য; এবং
- (৩) কোন অভিযোগ/পরামর্শ/প্রস্তাবনা আছে কিনা?

২। এমতাবস্থায়, স্বাস্থ্য অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠান/হাসপাতালকে নিজ নিজ দপ্তরের তথ্যাদি আগামী ০৭ কর্ম দিবসের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) এর দপ্তরে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(খন্দকার জাকির হোসেন)

উপসচিব

ফোন: ৯৫৭৭৯৮৫

admin1@hsd.gov.bd

বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা {দৃঃআঃ পরিচালক (প্রশাসন)} (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)
- ২। পরিচালক,.....মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল (সকল)
- ৩। পরিচালক (স্বাস্থ্য) (সকল), বিভাগ
- ৪। সিভিল সার্জন (সকল),.....
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। জনাব মোহাম্মদ মোহসীন উদ্দিন, উপসচিব (পার-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও আহবায়ক ‘বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮’ সংশোধনের লক্ষ্যে গঠিত উপকমিটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নবসৃজিত ও পুরাতন যেসব পদ বিদ্যমান নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত করা হয়নি সে সংক্রান্ত তথ্যাদি প্রদানের জন্য অনুরোধ করা হল)
- ৩। ডা. ফারুক আহমদ খান, সহযোগী অধ্যাপক(অবসরপ্রাপ্ত), সিএমই, মহাখালী, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়